গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে ।

উক্ত পরামর্শ সভা আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান।

এ সময় চাষীদের পুকুরে প্রাথমিক খাদ্য পরীক্ষা, মাছের সাধারণ রোগ-প্রতিকার, মাছ চাষের সাধারণ সমস্যাবলী ও সমাধানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও খাদ্য ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ ও পানি পরীক্ষার গুরুত্ব তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে উপকারভোগীদের মাঝে উপকরণ বিতরন

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় উচ্চমূল্যের চিতল-কার্প মাছের মিশ্র চাষ প্রদর্শনীর জন্য চিতল মাছের পোনাসহ নানা উপকরণ বিতরন করা হয়।

আজ বৃহস্পতিবার সকালে আড়পাড়া, তেরাইল,ষোলোটাকাসহ অন্যান্য গ্রামের উপকারভোগীদের মাঝে চিতল মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, টমেটো, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় গাংনী উপজেলার মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে ট্রাক ট্রাংক লরি শ্রমিক ইউনিয়নের শাখা অফিস উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে আন্তজেলা ট্রাক ট্রাংক লরি কভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন মটমুড়া ইউনিয়ন বাউট নতুন শাখা অফিস উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ সময় বাওট বাধাগ্রস্থ প্রাথমিক বিদ্যালয় হলরুমে শাখা অফিস উদ্বোধন অনুষ্ঠানের কার্যক্রম সুরু হয়।

অনুষ্ঠানে আব্দুল কুদ্দুসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, আন্ত জেলা ট্রাক ও মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি ও সাধারন সম্পাদক নজরুল ইসলাম।

এছাড়া্ও ট্রাক মালিক গ্রুপের যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাক আহম্মেদ বাবু, জেলা ট্রাক মালক গ্রুপের যুগ্ম সাধারন সম্পাদক নুরুজ্জামান, কোষাধ্যক্ষ আমিনুর ইসলাম, কার্য নির্বাহী সদস্য ও মেহেরপুর জেলা পরিষদের প্যানেল মেয়র মুকুল হোসেন সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

নতুন শাখা অফিসের সভাপতি হিসেবে ঘোষণা করে হামিদুল ইসলাম কে এবং

সাধারণ সম্পাদক বাবলু হক, সহ সভাপতি আলামিন হক,যুগ্ম সাধারণ সম্পাদক হানিফ আলী, সাংগঠনিক সম্পাদক সাঈদ মেম্বর,কষাধ্যাক্ষ মামুনুর রশিদ কে ঘোষনা করেন।

এ বিষয়ে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান আমরা মালিক শ্রমিক একসাথে চলবো আমরা যদি এক হয়ে মিলেমিশে চলতে পারি তাহলে মেহেরপুর জেলা ট্রাক ও মটর শ্রমিক ইউনিয়ন আরো গতিশীল হবে সেই লক্ষ্য আজকে নতুন শাখা উদ্বোধন।

আপনার যাবতীয় সকল কার্যক্রমে জেলা ট্রাক মালিক গ্রুপ আপনাদের পাশে থাকবে।

গাংনীতে নাশকতা মামলায় ইউনিয়ন বিএনপির সভাপতি গ্রেফতার

নাশকতার মামলায় গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন বিএনপির সভাপতি ও চেংগাড়া সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল হেলালকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) ভোররাতের দিকে থানা পুলিশের একটি টিম প্রধান শিক্ষক আল হেলালের গাংনী শহরের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। আল হেলাল গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের হাজু বিশ্বাসের ছেলে।

ওসি তাজুল ইসলাম জানান,বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলা নং ২, তারিখে ২/১২/২৩ এর আসামি প্রধান শিক্ষক আল হেলাল।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এদিকে প্রধান শিক্ষক আল হেলালকে গ্রেফতারের তীব্র নিন্দা জানিয়েছেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন। অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার মুক্তি দাবি করেন তিনি।

গাংনীতে প্রস্তুতিমূলক সভা

গাংনীতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আলোচনা সভা, বিজয় র্যালি, বঙ্গবন্ধুর প্রতিকৃতীতে পুষ্পমাল্য অর্পণসহ নানা কর্মসূচির আয়োজন করার সিদ্ধান্ত নেয়া হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিতে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, গাংনী সহকারী কমিশনার (ভূমি) নাদির হাসান শামীম, বীর মুক্তিযোদ্ধা মুনতাজ আলীসহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তারা ও বীর মুক্তিযোদ্ধাগন উপস্থিত ছিলেন।

গাংনীতে ফুটবলের আঘাতে কলেজ ছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে ফুটবল খেলতে গিয়ে বলের আঘাতে সপ্নীল হোসেন (১৭) নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। কলেজ ছাত্র সপ্নীল তেরাইল গ্রামের কাউছার আলীর ছেলে। এবং স্থানীয় তেরাইল-জোড়পুকুরিয়া (বঙ্গবন্ধু কলেজ) এর দ্বাদশ শ্রেণীর প্রথম বর্ষের ছাত্র।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) বিকেল ৩টার দিকে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, সপ্নীল এদিন বিকেলে বন্ধুদের সাথে ফুটবল খেলছিলেন। খেলার এক পর্যায়ে ফুটবলের আঘাতে সে মাঠে লুটিয়ে পড়ে গুরুতর ভাবে অসুস্থ হয়। এসময় অন্য খেলোয়াড় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে,কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। বলের আঘাতে তার মৃত্যু হয়েছে বলে মনে হচ্ছে।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ফুটবল খেলতে গিয়ে এক কলেজ ছাত্রের মৃত্যর খবর শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে ।

গাংনীতে নতুন জাতের ধান চাষের উপকরণ বিতরণ

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর গাংনী শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, উচ্চ ফলনশীল নতুন জাতের ধান চাষ প্রদর্শনীর আওতায় ১০ জন ও ক্রপিং প্যাটার্ণ প্রদর্শনীর আওতায় ৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে । আজ সোমবার সকালে এসকল উপকরণ বিতরন করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল ব্রী-ধান -১০০, ১০০ কেজি, ব্রী- ধান- ৮৯, ১০০ কেজি, ব্রী-ধান-৭৪, ৪০ কেজি, ইউরিয়া সার ৩০০ কেজি, টিএসপি সার ৩০০ কেজি, এমওপি সার ১৫০,কেজি, ডিএপি সার ১০০ কেজি, দস্তা সার ১০ কেজি ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয় । উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

গাংনীতে ধলা মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেল ৩ টার সময় ধলা মাধ্যমিক বিদ্যালয়ের সভা কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

ম্যানেজিং কমিটির সভাপতি ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির বিদ্যেুৎসাহী সদস্য মো কাবু হোসেন,অবিভাবক সদস্য বাশারুল ইসলাম, সাবেক ইউ পি সদস্য ও অবিভাবক সদস্য আবুল কালাম।

আরো উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো আনোয়ার হোসেন সহ সকল সহকারী শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

এ সময় ম্যানেজিং কমিটির সভাপতি মিজানুর রহমান রানা শিক্ষকদের উদ্দেশ্য বলেন, শিক্ষার মান উন্নয়ন করতে হলে আপনাদের কে বর্তমান কারুকুলাম অনুযায়ী ছাত্র ছাত্রী দের পাঠদানে সক্রিয় হতে হবে। তাহলে ছাত্র ছাত্রী তাদের বর্তমান কারুকলাম কে সাদরে গ্রহন করে পড়া লেখায় মনযোগী হবে।

নতুন এই কারুকুলাম নিয়ে সকল শিক্ষক কে অবহিত করে বলেন আগামী দিনে যে ক্লাস পরিচালনা করবেন তা নতুন কারিকুলাম মেইনটেইন করেই পরিচালনা করতে হবে। থিউরি সাথে বাস্তবমুখী শিক্ষাদানে আরো সচেষ্ট হতে হবে। শিক্ষার্থীদের মধ্যে নতুন কারুকুলাম বিষয়টি সু স্পষ্ট ধারনা দিতে হবে। কারন স্লেবাস হচ্ছে ছাত্র ছাত্রীদের মুল বিষয়। কাজেই এ বিষয়ে লক্ষ্য রেখে পাঠদান করতে হবে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে রোগে

আক্রান্ত গরু জব্দ; জরিমানা আদায়

গাংনীর গাড়াবাড়ীয়াতে এনথ্রাক্স রোগে আক্রান্ত জবাই কৃত গরু জব্দ করা হয়েছে।

আজ সোমবার সকাল ৯ টার সময় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের ভেটেনারি সার্জন ডাঃমোঃ আরিফুল ইসলাম ধলা পুলিশ ক্যাম্পের এ এস আই অমল চন্দ্র সঙ্গীয় ফোর্স নিয়ে জবাই কৃত গরু জব্দ করেন।

জবাইকৃত গরু হলো গাড়াবাড়ীয়া গ্রামের মৃত জসীমউদ্দিনের ছেলে হাসেম আলীর। স্থানীয়রা জানান, আজ ভোর ৫ টার সময় গরু জবাই করেন। এবং জব্দ করার আগেই ২৫ কেজি মত মাংস বিক্রি হয়েছে বলে জানান। তবে বিক্রয় কৃত মাংস ফিরিয়ে নিয়ে তাদের টাকা ফেরৎ দেওয়ার নির্দেশ দেন ডাঃ আরিফুল ইসলাম।

এ বিষয়ে ভেটেনারি সার্জন ডাঃ আরিফুল ইসলাম জানান আমরা অভিযোগ পাই গাড়াবাড়ীয়া গ্রামে অসুস্থ গরু জবাই হচ্ছে সেই পরিপ্রেক্ষিতে আসি এসে গরুর মাংস ভুড়ি জব্দ করি এবং বাকি মাংস গুলো কেরোসিন দিয়ে খোলা যায়গায় ৬ ফুট মাটির পুতে রাখার ব্যাবস্থা করা হয়েছে। বিক্রির মাংস ফেরৎ নিয়ে টাকা ফেরৎ দেওয়ার ব্যাবস্থা করা হচ্ছে।

এ বিষয়ে ২ নং ওয়ার্ডের গাড়াবাড়ীয়া গ্রামের মেম্বর জিনারুল ইসলাম জানান এনথ্রাক্স আক্রান্ত গরু জবাই করেছে বলে ধারনা করা হয়েছে। সে ক্ষেত্রে যারা মাংস কিনেছে তারা যেন না খাই সেই ব্যাবস্থা চলমান রেখেছি।

ধলা ক্যাম্পের ইনচার্জ অমল চন্দ্র জানান যারা যারা এই কাজের সাথে জড়িত তাদের সকলকে আইনের আওতায় আনা হবে ইউ এন ও স্যারের কাছে হাজির করার ও নির্দেশ আছে।

জানাগেছে এই কর্মকান্ডে জড়িত মস্তক আলী ১০০০ ও গরুর মালিক হাসেম আলীর ১০০০ টাকা জরিমানা করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা।

গাংনী আসনে নৌকার প্রার্থী ডা. সাগরের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ২ সংসদীয় আসন গাংনীতে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

বৃহস্পতিবার (৩০ শে নভেম্বর) দুপুর ২ টার দিকে নেতাকর্মী ও সমর্থকদের সঙ্গে নিয়ে সহকারী রিটার্নিং কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শফিকুল ইসলাম, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মটমুড়া ইউপির চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউপির চেয়ারম্যান মিজানুর রহমান রানা, তেঁতুলবাড়ীয়া ইউপির চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস সহ নেতাকর্মী ও সমর্থকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৫ নভেম্বর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। তফসিল অনুযায়ী, প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেওয়ার পর রিটার্নিং কর্মকর্তারা তা বাছাই করবেন ১ থেকে ৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপিল দায়ের ও নিষ্পত্তি ৫ থেকে ১৫ ডিসেম্বর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৭ ডিসেম্বর। রিটার্নিং কর্মকর্তারা প্রতীক বরাদ্দ করবেন ১৮ ডিসেম্বর। নির্বাচনী প্রচার চলবে ৫ জানুয়ারি সকাল ৮টা পর্যন্ত। আর ভোটগ্রহণ হবে ৭ জানুয়ারি।